



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১.১৪

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান পুনঃ বিজ্ঞপ্তি

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে “মুজিব শতবর্ষ” উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের মধ্যে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য হতে ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক) স্কলারশিপের অধিক্ষেত্র :

ক্রমিক	স্কলারশিপের অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	কলা ও মানবিক (Arts & Humanities)
৩.	ব্যবসায় শিক্ষা (Business Studies)
৪.	আইন (Law)
৫.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৬.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology)
৭.	বিজ্ঞান (Science)
৮.	জীব বিজ্ঞান (Biological Science)
৯.	শিক্ষা ও উন্নয়ন (Education & Development)
১০.	চিকিৎসা (Medicine)
১১.	চারুকান্না (Fine Arts)
১২.	কৃষি বিজ্ঞান (Agricultural Science)
১৩.	মাদরাসা শিক্ষা (Madrasha Education)

খ) প্রত্যেক অধিক্ষেত্র হতে ১ জন স্কলারকে বৃত্তি প্রদান করা হবে।

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি :

১. মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ‘বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকায়’ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে। অনুগ্রহ করে ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকা এবং বিজ্ঞপ্তি টি পূর্ণাঙ্গভাবে পড়ে আবেদন ফরম পূরণ করুন।

২. বৃত্তির জন্য স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে ৩ টিতেই প্রথম বিভাগ/শ্রেণি/সমমান

থাকতে হবে অথবা এসএসসি ও এইচএসসি তে জিপিএ/সিজিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে;

৩. সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ 'বঙ্গবন্ধু স্কলার' বৃত্তির জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাচিভমেন্ট'র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে;

৪. পূরণকৃত আবেদন ফরম এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি আগামী ১৫ এপ্রিল ২০২১ তারিখ অফিস চলাকালীন ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদন পত্র বিবেচনা করা হবে না।

৫.

কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



২৪-৩-২০২১

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
- ৩) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/রাজশাহী
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)